জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
ঢাকা।
Website:www.janatabank-bd.com

ল' ডিপার্টমেন্ট
ফোনঃ ০২-৯৫৫১৭৪৮

তথ্য বিজ্ঞপ্তি নং-২০৬/২০১৭

তারিখঃ ২৬/০৯/২০১৭ ইং
১১/০৬/১৪২৪ বাং

সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা / এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয় ঃ অর্থ ঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক পত্রিকায় নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের ফরম্যাট প্রসংগে।

মহোদয়,

অত্র ব্যাংকের বিভিন্ন শাখার খেলাপী ঋণ আদায়ের নিমিত্তে অর্থ ঋণ আদালত আইন ২০০৩ মোতাবেক মামলা দায়ের করা হয়। মামলা দায়েরের পূর্বে ব্যাংকের নিকট বন্ধককৃত সম্পত্তি বিক্রয়ের প্রচেষ্টা হিসাবে উক্ত আইনের ১২(৩) ধারা মোতাবেক পত্রিকায় নিলাম বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়ে থাকে। কিন্তু উক্ত নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের জন্য সুনির্দিষ্ট কোন ফরম্যাট না থাকায় প্রায়শই অত্র ব্যাংকের বিভিন্ন শাখা/এরিয়া অফিস/বিভাগীয় কার্যালয় হতে কিভাবে নিলাম বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে সে বিষয়ে অত্র ডিপার্টমেন্টের নিকট জানতে চাওয়া হয়। তাছাড়া সুনির্দিষ্ট কোন ফরম্যাট না থাকার কারণে বিভিন্ন শাখা ভিন্ন ভিন্ন পদ্ধতিতে নিলাম বিজ্ঞপ্তি প্রকাশ করে থাকে যার ফলে অনেক সময় আইনগত জটিলতার সৃষ্টি হয়। এছাড়া ১২ (৩) ধারায় নিলাম বিজ্ঞপ্তির খসড়া ভেটেড করণের নিমিত্তে প্রায়শই মাঠ পর্যায় থেকে অত্র ডিপার্টমেন্টে প্রেরণ করে থাকে। এতে নিলাম বিজ্ঞপ্তি প্রকাশে দীর্ঘসূত্রতার সৃষ্টি হচ্ছে। এখানে উল্লেখ্য যে, অর্থ ঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৫) বা ৩৩(৭) ধারায় নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের জন্য সুনির্দিষ্ট ফরম্যাট থাকলেও ১২(৩) ধারায় নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের কোন ফরম্যাট নেই। এ প্রেক্ষিতে অর্থ ঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের জন্য একটি পৃথক ফরম্যাট আবশ্যক হয়ে পড়েছে।

এমতাবস্থায়, অর্থ ঋণ আদালত আইন-২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক পত্রিকায় নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের জন্য একটি ফরম্যাট প্রস্তুত করা হয়েছে যার নমুনা সংশ্লিষ্ট সকলের অবগতি ও যথাযথ অনুসরণের জন্য এতদ্‌সংগে সংযুক্ত করা হলো।

আপনার বিশ্বস্ত,

(ড. মোঃ এনামুল হক)
উপ-মহাব্যবস্থাপক

(মোঃ মিজানুর রহমান)
মহাব্যবস্থাপক

.... শাখা ....

অর্থ ঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারার বিধান মতে

নিলাম বিজ্ঞপ্তিঃ

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনতা ব্যাংক লিমিটেড, ... শাখা............. এর ঋণগ্রহীতা .... বর্তমান / ব্যবসায়িক ঠিকানা ...., স্থায়ী ঠিকানা .... এর অনকূলে মঞ্জুরীকৃত ঋণের বিপরীতে নিম্ন তফসীলভূক্ত সম্পত্তি অত্র শাখায় বন্ধক প্রদান করা হয়। মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণটি পরিশোধিত না হওয়ায় ঋণটি খেলাপীতে পরিণত হয়। বারংবার তলব-তাগাদা দেওয়া সত্বেও ঋণগ্রহীতা ব্যাংকের পাওনা পরিশোধ করেন নাই। সাময়িক হিসাব অনুযায়ী .... ইং তারিখ পর্যন্ত ঋণ গ্রহীতার নিকট পাওনার পরিমাণ মোট =............................./- (কথায়ঃ..)। উক্ত ঋণের জামানত স্বরূপ ব্যাংকের অনুকূলে বন্ধকৃত তফসিলভূক্ত সম্পত্তি বিক্রয়ের ক্ষমতা প্রদান করায় অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক উক্ত সম্পত্তি নিলামে বিক্রয় করা আবশ্যক হইয়া পড়িয়াছে। এই প্রেক্ষিতে ঋণ সমন্বয়কল্পে (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে) বন্ধকী নিম্ন তফসিলভূক্ত সম্পত্তি আগামী..................... ইং তারিখে নিলাম বিক্রয়ের জন্য নিম্নে বর্ণিত শর্তাদিতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে। উল্লেখ্য, দরপত্র দাখিলের পূর্বেই নিলামে অংশ গ্রহণকারী ইচ্ছুক ব্যক্তি/ প্রতিষ্ঠান এতদ্‌সংক্রান্ত অতিরিক্ত কোন তথ্য (যদি প্রয়োজন হয়) অবগত হইবার জন্য অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

ঃ তফসিল ঃ

জেলা............... সাব-রেজিঃ অফিস.................. মৌজা...................., জেএল নং... খতিয়ান নং-সিএস..................,এসএ......................, আরএস. ...., মিউটেশন খতিয়ান নং............................... দাগ নং-সিএস...................., এসএ........................., আরএস .... জমির পরিমাণ............................ শতক / কাঠা / একর।

চৌহদ্দিঃ

উত্তরে------------------------, দক্ষিণে----------------------------

পূর্বে------------------------, পশ্চিমে---------------------------।

ইমারতের বর্ণনাঃ

.... বর্গফুট আয়তন বিশিষ্ট সেমিপাকা টিন শেড / .... তলা বিশিষ্ট দালান যার প্রতি তলার আয়তন.............................বর্গফুট, মেঝে-মোজাইক/টাইলস দ্বারা নির্মিত এবং .... ফুট রাস্তা সংলগ্ন।

(একাধিক তফসিলভূক্ত সম্পত্তির ক্ষেত্রে তফসিলসমূহ আলাদা আলাদাভাবে উল্লেখ করিতে হইবে)।

শর্তাবলীঃ

০১. আগামী .... ইং তারিখে বিকাল- .... ঘটিকার মধ্যে জনতা ব্যাংক লিমিটেড, ... শাখায় অথবা জনতা ব্যাংক লিমিটেড, এরিয়া অফিস .... বা বিভাগীয় কার্যালয়............... এর রক্ষিত টেন্ডার বাক্সে আগ্রহী ক্রেতাগনকে সাদা কাগজে পূর্ণ ঠিকানা উল্লেখ পূর্বক টেলিফোন নং- সহ স্বাক্ষরযুক্ত দরপত্র সীলমোহরকৃত খামে জমা দিতে হইবে এবং ঐ দিন বিকাল .... ঘটিকার পর টেণ্ডার বাক্সে প্রাপ্ত দরপত্র সমূহ সংশ্লিষ্ট দরপত্র দাতাগনের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র কমিটি কর্তৃক খোলা হইবে।

০২. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত হইলে ২০%, উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকার উর্ধ্বে কিন্তু ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত হইলে ১৫%, উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার উর্ধ্বে হইলে ১০% এর সমপরিমাণ টাকার জামানত স্বরূপ যে কোন তফসিলি ব্যাংক হইতে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে জনতা ব্যাংক লিমিটেড,.................................... শাখা এর অনুকূলে দরপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

০৩. দরদাতা এক বা একাধিক তফসিলের জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন। তবে একটি তফসিলভূক্ত আংশিক সম্পত্তির জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

০৪ অনুর্ধ্ব ১০.০০ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার ৩০ দিবসের মধ্যে, ১০.০০ লক্ষ টাকার উর্ধ্বে কিন্তু ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে এবং ৫০.০০ লক্ষ টাকার উর্ধ্বে উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে দরপত্রের সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে। ব্যর্থতায় আইনানুযায়ী ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

০৫ উপরোক্ত ০৪ নং ক্রমিকে বর্ণিত শর্তের অধীনে জামানত বাজেয়াপ্ত হইলে উহার অর্থ সংশ্লিষ্ট ঋণ হিসাবে সমন্বয় করা হইবে। পূর্বে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে তফসিলভূক্ত সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে। দ্বিতীয় দরদাতা আহুত হইবার পর ক্রমিক নং-০৪ এ বর্ণিত শর্তের সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং ব্যর্থতায় তাহার জামানত বাজেয়াপ্ত হইবে ও জামানতের টাকা দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

০৬. দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা অপ্রতুল প্রতীয়মান হইলে শাখার নিলাম কমিটি / এরিয়া অফিস / বিভাগীয় কার্যালয় কর্তৃপক্ষ তাহা বাতিল করিতে পারিবেন।

০৭. ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

০৮. সম্পত্তি রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও ক্রয়কৃত সম্পত্তির ট্যাক্সসহ যাবতীয় খরচ, বকেয়া খাজনা, বিল ইত্যাদি (যদি থাকে) নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

০৯. তফসিলভূক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধাসরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, উন্নয়ন কর ইত্যাদিসহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকলে তা পরিশোধে কোন দায়িত্ব ব্যাংক বহন করিবে না।

১০. সফল দরদাতাকে অর্থঋণ আদালত আইন-২০০৩ মোতাবেক নিলামকৃত সম্পত্তির দখল প্রদান বা বুঝাইয়া দেওয়া হইবে।

১১. অকৃতকার্য দরদাতাদের জামানতের টাকা (আর্নেষ্টমানি) যথাসময়ে ফেরত দেওয়া হইবে। কম জামানত / জামানত বিহীন / ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

ডিজিএম / এজিএম/ ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
....শাখা..........।

Vetted

ড. একেএম আখতারুল কবীর
চীফ ল' অফিসার
জনতা ব্যাংক লিঃ